



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



## প্রেস রিলিজ

ভালো কিছু করতে হলে প্রযুক্তির অবাধ ব্যবহার রোধ ও সময়ের সঠিক ব্যবহার নিশ্চিত করতে হবে  
-ববিতে নবাগত শিক্ষার্থীদের উদ্দেশ্যে ড. মুহম্মদ জাফর ইকবাল

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৮ মার্চ ২০২২ খ্রিঃ  
তারুণ্য জীবনের শ্রেষ্ঠ সময়। জীবনে ভালো কিছু করতে হলে টেকনোলজি তথা তথ্য-প্রযুক্তির অবাধ ব্যবহার রোধ ও সময়ের সঠিক ব্যবহার নিশ্চিত করতে হবে। কোন কারনে হতাশ না হয়ে বরং সকল বিষয় উপভোগ করতে হবে। শ্রেণী কক্ষের শিক্ষাই যথেষ্ট নয়, এর বাইরেও অনেক কিছু শেখার আছে। তোমাদেরকে সহশিক্ষা কার্যক্রমের সাথে আরও বেশি জড়িত হতে হবে। নিজেদের বিকশিত করার জন্য তোমাদেরকে বিভিন্ন প্রতিযোগিতামূলক কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। তোমরা যে বিষয়ে পড়ালেখা কর না কেন সে বিষয়ে দক্ষতা অর্জন করতে হবে। কেননা সফলতা লাভের জন্য দক্ষতা অর্জনের কোন বিকল্প নেই। বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০২০-২১ শিক্ষাবর্ষের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথাগুলো বলেন বরণ্য শিক্ষাবিদ ও কথাসাহিত্যিক অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল। ২৮ মার্চ ২০২২ তারিখ দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় উপাচার্য মহোদয় বলেন, যাঁদের আত্মত্যাগের বিনিময়ে আমরা স্বাধীনতা লাভ করেছি তাদের প্রতি আমাদের দায় রয়েছে। দায় রয়েছে দেশের প্রতি ও নিজের পরিবারের প্রতি। আমাদেরকে বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে নিজেদের অর্জিত জ্ঞান ও মানবিক কর্মকাণ্ডের মাধ্যমে দেশের জন্য কাজ করে যেতে হবে। সকলের সম্মিলিত প্রচেষ্টায় এ বিশ্ববিদ্যালয়টি অচিরেই শিক্ষা, গবেষণা ও সহশিক্ষা কার্যক্রমের মাধ্যমে দেশে ও আন্তর্জাতিক ক্ষেত্রে অনেকদূর এগিয়ে যাবে এ প্রত্যাশা ব্যক্ত করেন উপাচার্য মহোদয়। কলা ও মানবিক অনুষদের ডিন এবং রেজিস্ট্রার (অ.দা.) অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীনের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও আয়োজক কমিটির সদস্য-সচিব ড. মোঃ খোরশেদ আলম। অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি ড. মোঃ আব্দুল কাইউম ও উদ্ভিদ বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী অনামিকা বিশ্বাস। নবীন শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখেন আইন বিভাগের শিক্ষার্থী মরিয়ম নূপুর ও পদার্থ বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী আব্দুল্লাহ আল শাওন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল এর সহধর্মীনি প্রফেসর ড. ইয়াসমিন হকসহ প্রশাসনের কর্তাব্যক্তি, বিভিন্ন সংস্থার প্রতিনিধি, সুধীজন, সাংবাদিকবৃন্দ, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ। ওরিয়েন্টেশন শেষে বিকাল ৪ টায় বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ  
উপ-পরিচালক (চ.দা.)  
জনসংযোগ অফিস